দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 FEB 2016
পৃষ্ঠা ৭ কলাম ২

# বেতাগীতে সহায়ক বই কিনতে বাধ্য করায় বিপাকে শিক্ষার্থীরা

■ বেতাগী (বরগুনা) সংবাদদাতা

বরগুনার বেতাগী উপজেলায় বেতাগী মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের ২০১৬ সালের সিলেবাসে জননী প্রকাশনীর ডিসকভারি নামের অতিরিক্ত মূল্যের সহায়ক বইয়ের বিজ্ঞাপন ছাপিয়ে তা কিনতে বাধ্য করা হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে।

বইটির অতিরিক্ত দামের কারনে স্কুলের ১২ শ শিক্ষার্থী দিশেহারা হয়ে পড়েছে। এমন পরিস্থিতিতে অভিভাবকদের মাঝে অসন্তোষ ও ক্ষোভ বিরাজ করছে। জানা গেছে, প্রতিটি সিলেবাস ১৫ টাকা এবং ৭৮৫ থেকে ১০৯০ টাকা মূল্যের বিভিন্ন শ্রেণীর ডিসকভারি সহায়ক বই কিনতে শিক্ষার্থীদের বাধ্য করা হচ্ছে। এ ব্যাপারে বেতাগী মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাম কবির বলেন, সহায়ক বই হিসেবে শিক্ষকদের সাথে পরামর্শ করে এটি মনোনীত করা হয়েছে। বইটি অখ্যাত নয়, এটি ভাল ফলাফল বয়ে আনতে পারে।

নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক অভিভাবক বলেন, এই সিলেবাস তাদের আর্থিক বোঝা আরও বাড়িয়ে দিয়েছে। এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শাহজাহান আলী শেখ বলেন, বইটি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত কিনা আমার জানা নেই। সহায়ক বই হিসেবে একটি প্রকাশনী নির্দিষ্ট করে দেওয়ার পিছনে কোন বিশেষ উদ্দেশ্য রয়েছে কিনা এর সাথে সংশ্লিষ্টরাই ভাল বলতে পারবেন।